

L.O
স্বাক্ষর- ২/৪
২০১৪-১৫
২২/১০/১৫
২২/১০/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
জনপ্রশাসন মন্ত্রণালয়
২২, পুরানা পল্টন, ঢাকা।

তারিখ: ২৭/১০/১৫
অতিরিক্ত সচিব
অতিরিক্ত-সচিব (সংশোধনা/নিষি)
অতিরিক্ত-সচিব (সেওয়া/সিপিটি)
অতিরিক্ত-সচিব (প্রশাসন/এপিডি)
অতিরিক্ত-সচিব (শৃঙ্খলা/ব্যবস্থা)
অতিরিক্ত-সচিব (নিয়ন্ত্রণ/ইন্সপেকশন)
পি.এস
সিনিয়র সচিব

স্মারক নং সিএও/জনপ্রশা/নিঃ-২/১২০

বরাবর,
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

বিষয় : Pre-Audit যথাযথভাবে সমাধা করার জন্য ২০১৪-১৫ অর্থ বছরের বিল দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করা যাচ্ছে যে, প্রত্যেক অর্থ বছরের শেষ দিকে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণ বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেম তথা iBAS - এ বিল/চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুত যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসকে হিমশিম খেতে হয়। তদুপরি Pre-Audit যথাযথভাবে সমাধা করা এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় নিরীক্ষার জন্য সময় অত্যাবশ্যিক। এ ছাড়া iBAS সিস্টেম সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণপূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে চেক ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটায় আশংকা থাকে।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০১৪-১৫ অর্থ বছরের আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক অর্থ বছরের শেষ সময়ে বিশেষ করে জুন মাসে অনেক বেশী বিল দাখিল না করে এপ্রিল, মে এবং ১৫ই জুন এর মধ্যে Procurement related কার্যক্রম শেষ করে দ্রুত হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও কে নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা যাচ্ছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতিতে বিশেষ বিশেষ ক্ষেত্রে ব্যতিক্রম গ্রহণযোগ্য হতে পারে।

এ বিষয়ে মন্ত্রণালয়ের সহযোগিতা ও মন্তব্য-পরামর্শ হিসাবরক্ষণ অফিসের জন্য সহায়ক হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
তারিখ: ২৭/১০/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা

(মোঃ নজরুল ইসলাম)
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোন : ৯৫৬১৭৯৬।

পত্র নং-০৫.০০.০০০০.১১৫.২০.০০৭.১১-৭১৪ (৮০)

২৪ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ
তারিখ : -----
০৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

Pre-Audit যথাযথভাবে সমাধা করার জন্য ২০১৪-১৫ অর্থ বছরের বিল দাখিলের নির্দেশনা সদয় অবগতি ও যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. রেজিস্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
২. রেজিস্টার, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী, শাহবাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর।
৫. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ নিউ স্কাটন, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল) জেলা (তার অধীনস্থ সকল উপজেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৯. উপ-সচিব (পরিবহন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১০. উপ-সচিব, প্রশাসন-২(৪), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ নং পুরানা পল্টন, ঢাকা।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সিনিয়র সহকারি সচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়।

(মোঃ মাসুদুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪৫৯৫৩